# বেসিক ব্যাংক লিমিটেড এর বগুড়া শাখার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Bogura Branch, BASIC Bank Limited)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহঃ**

শাখার ঋণ বিতরণে প্রধান কার্যালয়ের লক্ষমাত্রা অর্জনসহ বিগত ৩ বছরে মোট বিতরণকৃত ঋণ ৩৮.৮৬ কোটি টাকা যার মধ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে ঋণ বিতরণ করা হয়েছে ৩৮.০৮ কোটি টাকা এবং কৃষি ঋণ বিতরণে লক্ষমাত্রা অর্জনসহ বিতরণ করা হয়েছে ১.৯৭ কোটি টাকা। শাখার আমানতের পরিমান বৃদ্ধির লক্ষ্যে ইতিমধ্যে অত্র শাখায় পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিঃ এর ইন্ডাস্ট্রিয়াল গ্যাস, হাউসহোল্ড গ্যাসসহ অন্যান্য গ্যাস বিল সংগ্রহ করতে এসএনডি হিসাব খোলা হয়েছে এবং নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিঃ এর আওতায় ডিভিশন-৩ এর পাশাপাশি সাম্প্রতি ডিভিশন-২ এর বিদুৎ বিল সংগ্রহের হিসাব খোলা হয়েছে।

এছাড়াও শাখার শ্রেণীকৃত ঋণ আদায়ের অধিকতর গুরূত্ব প্রদান করা হয়েছে যার ফলে শাখার শ্রেণীকৃত ঋণের হার কমিয়ে ২০১৯ সালে ১১.৪০%, ২০২০ সালে ১০.০৪% এবং শ্রেণিকৃত ঋণের হার ২০২১ সালে ৪.৮৬% এ কমিয়ে আনা হয়েছে। শাখা ২০১৯ সালের ১.৫৯ কোটি এবং ২০২০ সালের ৩.০২ কোটি টাকা লোকসান কাটিয়ে ২০২১ সালে ৩.৪১ কোটি টাকা মুনাফা অর্জনে সফল হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০২২ সালের মে মাস পর্যন্ত শাখার নীট লাভের পরিমান ১.১৪ কোটি টাকায় দাঁড়িয়েছে ।

- **সমস্যা এবং চ্যালেঞ্জঃ**

শাখার ঋণ বিতরণের বিপরীতে আশানুরূপ আমানতের প্রবৃদ্ধি না থাকায় ক্রমগত বর্ধিত সুদে প্রধান কার্যালয় হতে আমানত সংগ্রহ করে ঋণ বিতরণ করা হচ্ছে অপর দিকে বাংলাদেশ সরকারের দেয়া প্রতিশ্রুতি অনুযায়ী বিতরণকৃত ঋণের সুদের হার কমিয়ে ৯.০০% করায় শাখার মুনাফায় কমতি দেখা দিয়েছে। ঋণের সুদের হার কমানোর পাশাপাশি আমানত সংগ্রহের ক্ষেত্রে সুদের হার ৬.০০% করার কথা থাকলেও বিভিন্ন ব্যাংক ও অর্থিক প্রতিষ্ঠান এখনো চড়া সুদে আমানত সংগ্রহ করে অধিক হারে ঋণ প্রদান করছেন । তাছাড়া হঠাৎ বিশ্বব্যাপী করোনা ভাইরাসের প্রভাবে আজ অর্থনীতি এক বড় ধরণের বিপর্যয়ের সামনে দাঁড়িয়ে । ফলশ্রুতিতে স্বল্প ব্যয়ী ( **Low Cost**) আমানত সংগ্রহ করা একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে । এছাড়াও দেশের দারিদ্র নিরসন এবং অধিকতর প্রবৃদ্ধি আনয়নে অংশ নিতে সবার জন্যে অর্থায়ন সেবা নিশ্চিত করতে সব পেশার মানুষদের আর্থিক অর্ন্তভুক্তিসহ শাখার শ্রেণীকৃত ঋণ আদায় ও নিয়মিত করে শ্রেণীকৃত ঋণের হার কমানো একটি বড় চ্যালেঞ্জ ।

- **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

বর্তমানে বিরাজমান কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক প্রেক্ষাপট সামনে রেখে শাখার ঋণ ও আমানতের অনুপাত কমিয়ে স্বল্প সুদে আমানত সংগ্রহ করে মুনাফা অর্জন করতে শাখায় কর্মরত সকল কর্মকর্তার সংঘবদ্ধ প্রচেষ্টা কাজে লাগানো। বিভিন্ন ইউটিলিটি বিল সংগ্রহের জন্য অত্র এলাকায় প্রতিষ্ঠিত বড় বড় শিল্প কারখানাসহ, সিএনজি স্টেশন ও সাধারন জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে বড় আংকের বিল সংগ্রহ। এছাড়াও সরকারী ও আধা-সরকারীসহ বিভিন্ন কর্পোরেট অফিসের অর্থ স্বল্প সুদে সংগ্রহের প্রচেষ্টা। শ্রেণীকৃত ঋণের হার কমিয়ে ৫% এর নিচে নিয়ে রাখা। শিল্প ও বানিজ্যিক ঋণের পাশাপাশি ভোক্তা ঋণ ও কৃষিঋনে গুরুত্ব প্রদান এবং নারীর ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের ঋণ প্রদান করে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সরকারের এসডিজি বাস্তবায়নে ভূমিকা রাখা । সর্বপরি গ্রাহক সেবার সর্বক্ষেত্রে প্রধান কার্যালয় কর্তৃক অটোমেশন পদ্ধতিসহ সময় সময় নতুন সেবায় গ্রাহকদের অর্ন্তভুক্তির মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়তে সফল অংশগ্রহন ।

- **২০২২-২৩ অর্থবছরে বগুড়া শাখার সম্ভাব্য প্রধান অর্জন সমূহ**
  - এসএমই খাতে ঋণ বিতরণ ও আদায়
  - কৃষি খাতে ঋণ বিতরণ ও আদায়
  - শ্রেণিকৃত হিসাবসমূহ হতে নগদ আদায়
  - শ্রেণিকৃত ঋণের হার নামিয়ে আনা
  - মোট আমানতের বিপরীতে স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধিকরণ

